



**2020/TDC(CBCS)/ODD/SEM/
BNGHCC-502T/369**

**TDC (CBCS) Odd Semester Exam., 2020
held in March, 2021**

BENGALI

(5th Semester)

Course No. : BNGHCC-502T

(বাংলার সামাজিক ও সাংস্কৃতিক ইতিহাস)

পূর্ণমান : ৭০

উত্তীর্ণমান : ২৮

সময় : ৩ ঘণ্টা

পাশ্চাত্ত সংখ্যা পূর্ণমান নির্দেশক

SECTION—A

১। সংক্ষিপ্ত উত্তর দাও (যে-কোন দশটি) : ২×১০=২০

(ক) মোঘল আমলে বাংলাদেশ কী নামে পরিচিত ছিল?
আবুল ফজল তাঁর কোন্ গ্রন্থে 'বাংলা—বাঙ্গালা' নামের
ব্যাখ্যা দিয়েছেন?

(খ) গুপ্ত আমলে বাংলাদেশে কয়টি ভুক্তির উল্লেখ পাওয়া
যায়? যে-কোন একটি ভুক্তির নাম লেখো।



(2)

- (গ) 'গুড়' নামক পণ্যের উল্লেখ পাওয়া যায় এমন একটি প্রাচীন গ্রন্থের নাম লেখো। এই পণ্য থেকে পরবর্তীকালে কোন জনপদের নাম হয়েছে?
- (ঘ) পাল সাম্রাজ্যের প্রথম রাজা কে ছিলেন? তিনি কাদের দ্বারা নির্বাচিত হয়েছিলেন?
- (ঙ) তুর্কি আক্রমণ কত সালে সংঘটিত হয়েছিল? বাংলার কোন রাজা তুর্কি আক্রমণে রাজ্য হারিয়েছিলেন?
- (চ) শ্রীশ্রী চৈতন্যদেবের আবির্ভাব ও তিরোভাবের খ্রিস্টাব্দ উল্লেখ করো।
- (ছ) যে-কোন দুজন পূর্ববঙ্গীয় ধারার 'মনসামঙ্গল'-এর কবির নাম লেখো।
- (জ) 'ধর্মমঙ্গল' কাব্যকে কোথাকার জাতীয় কাব্য হিসেবে মান্যতা দেওয়া হয়? এই ধারার যে-কোন একজন কবির নাম লেখো।
- (ঝ) হেনরী ডিভিয়ান ডিরোজিও কে ছিলেন? তিনি কোন কলেজে শিক্ষকতা করতেন?
- (ঞ) কত খ্রিস্টাব্দে এবং কোথায় হিন্দু কলেজ স্থাপিত হয়েছিল?
- (ট) ডেভিড হেয়ার কে ছিলেন? তিনি কোন দেশে জন্মগ্রহণ করেছিলেন?
- (ঠ) ইয়ংবেঙ্গল গোষ্ঠীর যে-কোন দুজন পুরোধা ব্যক্তিত্বের নাম লেখো।
- (ড) কে 'বঙ্গভঙ্গ' প্রস্তাবটি করেছিলেন? কত সালে এই প্রস্তাবটি কার্যকরী হয়েছিল?

(3)

- (ঢ) বাংলা সাহিত্যে বঙ্গভঙ্গের প্রতিক্রিয়াস্বরূপ রবীন্দ্রনাথ ঠাকুরের লেখা একটি উপন্যাসের নাম লেখো। উপন্যাসটির প্রকাশকাল নির্দেশ করো।
- (ণ) বঙ্গভঙ্গের প্রতিবাদস্বরূপ হিন্দু-মুসলিম ঐক্য অটুট রাখতে রবীন্দ্রনাথ ঠাকুরের প্রস্তাব অনুযায়ী কোন উৎসবটির আয়োজন করা হয়? উৎসবটি অনশনরত অসংখ্য মানুষেরা কীভাবে পালন করেছিলেন?
- (ত) 'বাংলার মাটি বাংলার জল' গানটির রচয়িতা কে? কোন ঘটনার প্রতিক্রিয়ায় এই গানটি রচিত হয়েছিল?
- (থ) প্রথম বিশ্বযুদ্ধ পরবর্তীকালে রচিত কবি নজরুলের দুটি কাব্যগ্রন্থের নাম লেখো।
- (দ) মাণিক বন্দ্যোপাধ্যায়ের লেখা প্রথম বিশ্বযুদ্ধ পরবর্তী দুটি উপন্যাসের নাম লেখো।
- (ধ) প্রথম বিশ্বযুদ্ধ কত সালে আরম্ভ হয়েছিল? এই বিশ্বযুদ্ধের সমাপ্তি কত সালে হয়?
- (ন) দুই বিশ্বযুদ্ধের মধ্যবর্তীকালে রচিত যে-কোন দুটি নাটকের নাম লেখো।

SECTION—B

যে-কোন পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ১০×৫=৫০

- ২। 'গৌড়' ও 'বঙ্গ' নামকরণের মাধ্যমে যে কৌতূহলোদ্দীপক ইতিহাস আছে সে সম্পর্কে আলোচনা করো।
- ৩। বাংলা সাহিত্যের প্রাচীনতম পুঁথিটির অনুসরণে তৎকালীন বাঙালির সমাজ-জীবনের পরিচয় দাও।



- ৪। বাংলার সামাজিক ইতিহাসে তুর্কী আক্রমণের প্রভাব সম্পর্কে নাতিদীর্ঘ আলোচনা করো।
- ৫। বাংলার সমাজ ও সাহিত্যে শ্রীচৈতন্যদেবের মানবিক মহিমার অবদান সম্পর্কে আলোচনা করো।
- ৬। সমাজসংস্কার আন্দোলনে রাজা রামমোহন রায় অথবা ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের অবদান সম্পর্কে আলোচনা করো।
- ৭। উনিশ শতকের সমাজ-জীবনে ইংরেজী শিক্ষার অভ্যুদয় সম্পর্কে আলোচনা করো।
- ৮। বঙ্গভঙ্গ আন্দোলনে রবীন্দ্রনাথ ঠাকুরের ভূমিকা সম্পর্কে আলোচনা করো।
- ৯। বঙ্গভঙ্গ আন্দোলনের প্রতিক্রিয়ায় দেশের মধ্যে সন্ত্রাসবাদী ও দাঙ্গিক দেশপ্রেমের যে তামসিক মত্ততা দেখা দিয়েছিল, রবীন্দ্রনাথ ঠাকুর তাঁর উপন্যাসের মধ্যে এই ব্যাপারটিকে কীভাবে তুলে ধরেছেন সে সম্পর্কে আলোচনা করো।
- ১০। প্রথম বিশ্বযুদ্ধ পরবর্তীকালে লেখা বাংলা কবিতায় কিছু নতুন প্রবণতা বা বিশেষ কিছু বৈশিষ্ট্য দেখা দিয়েছিল, সে সম্পর্কে তৎকালীন সময়ের কবিদের লেখা কবিতাগুলি সম্পর্কে আলোচনা করো।
- ১১। দুই বিশ্বযুদ্ধের মধ্যবর্তীকালে রচিত বাংলা উপন্যাসে মধ্যবিত্ত মানুষের মনস্তাত্ত্বিক জটিলতার যে ছবিটি ফুটে উঠেছিল, যে কোনো দু'টি উপন্যাস অবলম্বনে তা বুঝিয়ে দাও।
